

Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 11 April, 2025

যশোরের শার্শায় পণ্যবাহী একটি ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী তানিয়া খাতুন (২৫) নামে এক নারী নিহত হয়েছেন। এ সময় ওই মোটরসাইকেল চালক তার স্বামী সেলিম হোসেন আহত হয়েছেন।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) রাতে যশোর-বেনাপোল মহাসড়কের শার্শা উপজেলার শ্যামলাগাছি এলাকায় স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত তানিয়া খাতুন উপজেলার লাউতাড়া গ্রামের সেলিম হোসেনের স্ত্রী।

নাভারণ হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রোকনুজ্জামান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গতকাল রাত ১০টার দিকে মোটরসাইকেলে স্বামী-স্ত্রী দুজনে নাভারণ বাজারে দিকে যাচ্ছিলেন। পথে শ্যামলাগাছি নামক স্থানে পৌঁছালে বেনাপোল বন্দর থেকে ছেড়ে আসা একটি পণ্যবাহী ট্রাক মোটরসাইকেলে ধাক্কা দিলে চালক সেলিম ও তার স্ত্রী তানিয়া খাতুন রাস্তার ওপর ছিটকে পড়ে মাথায় আঘাত পান। স্থানীয়রা তাদের উদ্ধার করে শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তানিয়াকে মৃত ঘোষণা করেন।

যশোর ট্রাক মোটরসাইকেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:45

URL: <https://timestodaybd.com/public/across-the-country/609139670>